তারিখ: 13 JUL 2016
পৃষ্ঠা: ২২ কলাম: ৪

সংবাদ

# ঈশ্বরগঞ্জে অতিরিক্ত ফি আদায় পরীক্ষা বর্জন ও বিক্ষোভ শিক্ষার্থীদের

**প্রতিনিধি, ঈশ্বরগঞ্জ (ময়মনসিংহ)**

ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ উপজেলার উচাখিলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত পরীক্ষার ফি আদায় করার অভিযোগে শিক্ষার্থীরা পরীক্ষা বর্জন করে বিক্ষোভ মিছিল করেছে। গত সোমবার দেশব্যাপী অনুষ্ঠিত অর্ধবার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হলেও উচাখিলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়েটি ছিল এর ব্যাতিক্রম। বিক্ষোভকারী ছাত্রছাত্রীদের অভিযোগ গত দু দিন ধরে অতিরিক্ত পরীক্ষার ফি আদায়ের প্রতিবাদ করছেন কিন্তু অধ্যক্ষ এ বিষয়ে কোন ব্যবস্থা নেননি। এলাকার অবিভাবকরা জানান বিভিন্ন অনিয়ম ও অতিরিক্ত ফি আদায় করার কারনে তাদের ছেলে মেয়েদের স্কুলে পাঠ দান করানো সম্ভব হচ্ছে না। ওই বিদ্যালয়ের নবম শ্রেণীর এক শিক্ষার্থীর অভিভাবক ভ্যান চালক নজরুল ইসলাম অভিযোগ করে জানান তার বৃত্তি প্রাপ্ত ছেলের জন্য সুদ করে ১ হাজার টাকা এনে পরীক্ষার জন্য দিতে হয়েছে। বিগত এসএসসি পরীক্ষায় ফরম ফিলাপে অতিরিক্ত অর্থ আদায় করা হয়। অভিভাবক ও শিক্ষার্থীদের প্রতিবাদে আদায় কৃত অর্থ ফেরত দেয়ার কথা দিলেও ছাত্রছাত্রীদের কাছ থেকে জোর করে স্বাক্ষর আদায় করা হয়। কিন্তু অর্থ ফেরত দেয়া হয়নি। এছাড়াও ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের কাছ থেকে প্রশংসা পত্র প্রদানের নামে ৫০০ টাকা করে আদায় করা হয়। এ সংক্রান্ত একটি রিপোর্ট গত ২৫ জুন সংবাদে প্রকাশিত হয়। পরীক্ষা বর্জন করে শিক্ষার্থীরা অধ্যক্ষের অপসারণ দাবিতে বিক্ষোভ করার ব্যাপারে অধ্যক্ষ আবদুল হালিমকে জিজ্ঞাসা করা হলে তিনি তার বিরুদ্ধে আনির্ত অভিযোগ অস্বীকার করে জানান কিছু অভিবাবক ও বহিরাগত উশৃঙ্খল লোক পরীক্ষার্থীদের পরীক্ষা দিতে দেয়নি। এ সম্পর্কে কলেজ ব্যাবস্থাপনা কমিটির সভাপতি মাহমুদ হাসান সুমন জানান সরকারি নির্ধারিত ফির চেয়ে বেশি টাকা নিলে তা ক্ষতিয়ে দেখা হবে এবং সোমবারের পরীক্ষাটি পরবর্তীতে নেয়া হবে।